তারিখ . 03 .MAR .2016 ... ...
... 2 ... কলাম ... ৬ ...

আমাদের সময়

# শ্রেণিকক্ষে ছাত্রীকে ধর্ষণ করল শিক্ষক

**লক্ষ্মীপুর প্রতিনিধি ●**

লক্ষ্মীপুরের রামগতি উপজেলার চরগজারিয়া এলাকায় তৃতীয় শ্রেণির এক স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে ওই স্কুলের শিক্ষক সম্পদ চন্দ্র দাসের বিরুদ্ধে।

এ ঘটনায় রামগতি থানায় ধর্ষণের অভিযোগ এনে নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা করা হয়েছে। গতকাল বুধবার সকালে ওই নির্যাতিত ছাত্রীর বাবা বাদী হয়ে চরআবদুল্লাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সম্পদ চন্দ্র দাসকে আসামি করে এ মামলা করেন। পরে পুলিশ চরআলেকজান্ডারের চরডাক্তারপাড়া এলাকায় অভিযান চালিয়ে ঘটনার সঙ্গে জড়িত শিক্ষক সম্পদ চন্দ্র দাসকে গ্রেপ্তার করেছে। ঘটনাটি ঘটেছে রামগতি উপজেলার বিচ্ছিন্ন দ্বীপাঞ্চল চরগজারিয়ার একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে।

পুলিশ ও নির্যাতিত ছাত্রীর পরিবার সূত্র জানায়, রামগতি উপজেলার চরগজারিয়ার দুর্গমচর এলাকার একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণিতে পড়ালেখা করত নির্যাতিতা। এ সুবাদে শিক্ষক সম্পদ চন্দ্র দাসের কাছে প্রাইভেটও পড়ত সে। গত সোমবার বিকালে স্কুল ছুটির পর শিক্ষক সম্পদ চন্দ্র দাস ছাত্রীকে প্রাইভেট পড়তে স্কুলে থাকতে বলে। এ সময় ওই ছাত্রীকে একটি কক্ষে নিয়ে দরজা-জানালা বন্ধ করে ধর্ষণ করে অচেতন অবস্থায় রেখে পালিয়ে যান শিক্ষক সম্পদ। স্কুল ছুটির পরও ছাত্রী বাড়িতে না যাওয়ায় ওই ছাত্রীর মা স্কুলে ছুটে আসেন। পরে অচেতন অবস্থায় তাকে উদ্ধার করে বাড়িতে নিয়ে যান এবং রামগতি থানা পুলিশকে জানায়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে গত মঙ্গলবার রাতে ওই ছাত্রীকে উদ্ধার করে থানা হেফাজতে রাখে। এ ঘটনায় গতকাল বুধবার সকালে নির্যাতিত ছাত্রীর বাবা বাদী হয়ে রামগতি থানায় ওই স্কুল শিক্ষককে আসামি করে ধর্ষণের অভিযোগ এনে একটি মামলা করেন।